

Total number of printed pages-4

1 (Sem-4) BEN 3

2025

BENGALI

Paper : BEN0400304

(লোকসাহিত্য পাঠ)

Full Marks : 60

Time : 2½ hours



The figures in the margin indicate full marks for the questions.

- ১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৮=৮
- (ক) শিয়ালপণ্ডিত গল্পে কুমিরের কয়টি ছেলে ছিল?
- (খ) কিরণমালা গল্পে গৃহস্থের কোন্ মেয়েটিকে রাজা বিয়ে করেছিলেন?
- (গ) মাঘমণ্ডল ব্রতে কোন্ দেবতার আরাধনা করা হয়?
- (ঘ) পুণ্যপুকুর ব্রত কোন্ মাসে উদযাপন করা হয়?
- (ঙ) “খাঁচার ভিতর অচিন পাখি” গানটির রচয়িতা কে?
- (চ) মনমাঝি কীসের আশায় কাঁদছিল?
- (ছ) “ছেলেভুলানো ছড়া” প্রবন্ধটির রচয়িতা কে?

(জ) 'বন থেকে বেরুল টিয়ে, সোনার টুপি মাথায় দিয়ে'—
এই ধাঁধাটির উত্তর লেখো।

২। নীচের যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৬ = ১২$

- (ক) কিরণমালার পালিত দুটি পশুর নাম লেখো।
- (খ) 'নীলকমল আর লালকমল' গল্প অনুযায়ী মানুষ রানি ও
রাঙ্কুসী রানির ছেলেদের নাম লেখো।
- (গ) 'সাত ভাই চম্পা' গল্পে উল্লিখিত পাঁশগাদার ওপর কী কী
ফুল ফুটেছিল?
- (ঘ) 'মাঘমণ্ডল' ব্রতে ব্যবহৃত দুটি উপকরণের নাম লেখো।
- (ঙ) 'তোষলা ব্রতের' দুটি বিধি উল্লেখ করো।
- (চ) 'আদর সিংহাসন ব্রত' কোন্ মাসে পালন করা হয়? এই
ব্রতের ব্রতী কারা?
- (ছ) বাউল গানের দুটি বৈশিষ্ট্য লেখো।
- (জ) ভাটিয়ালি গান প্রচলিত আছে এমন দুটি অঞ্চলের নাম
লেখো।
- (ঝ) ছড়ার দুটি বৈশিষ্ট্য লেখো।
- (ঞ) 'All that glitters is not gold,' ইংরেজি এই
প্রবাদটির সমার্থক বাংলা প্রবাদটি লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

(ক) 'শিয়ালপণ্ডিত' গল্প অবলম্বনে শিয়াল কীভাবে কুমিরকে
বোকা বানিয়েছে তার বিবরণ দাও।

অথবা

- (খ) 'সাত ভাই চম্পা' গল্পে রাজা ছোটরানিকে রাজপুরী থেকে
কেন বের করে দিয়েছিলেন তা সংক্ষেপে লেখো।
- (গ) পুণ্ড্রপুত্রের ব্রতকে কুমারী ব্রত বলা যায় কিনা বুঝিয়ে
লেখো।

অথবা

- (ঘ) আদর সিংহাসন ব্রত সম্পর্কে যা জান লেখো।
- (ঙ) ব্যাখ্যা করো—
'মন তুই রইলি খাঁচার আশে, খাঁচা যে তোর কাঁচা বাঁশের।'

অথবা

- (চ) 'তোমায় হৃদ মাঝারে রাখিব' গানটিতে গীতিকার গৌরাঙ্গ
মহাপ্রভুর যে বর্ণনা দিয়েছেন তা সংক্ষেপে লেখো।
- (ছ) উদাহরণ সহ ঐতিহাসিক প্রবাদ সম্পর্কে আলোচনা করো।

অথবা

- (জ) বাংলার প্রকৃতি অথবা গার্হস্থ্য জীবন সম্পর্কিত ধাঁধার
বিষয়ে সংক্ষেপে লেখো।

৪। নিচের যে-কোনো দুটি প্রশ্নের উত্তর লেখো : $১০ \times ২ = ২০$

- (ক) ‘সাত ভাই চম্পা’ গল্পে রাজা কীভাবে তাঁর পুত্র ও মেয়ে পারুলকে খুঁজে পেয়েছিলেন তা বিশদ ভাবে লেখো।
- (খ) রূপকথার বৈশিষ্ট্য আলোচনা করে ‘নীলকমল আর লালকমল’ গল্পটিকে রূপকথা বলা যায় কিনা পর্যালোচনা করো।
- (গ) কোজাগরী ব্রত সম্পর্কে একটি নাতিদীর্ঘ আলোচনা প্রস্তুত করো।
- (ঘ) “আমি যে গহীন গাঙের নাইয়া”—এই লোকসংগীতটির বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।
- (ঙ) উদাহরণসহ বাংলা ছড়ার যে কোনো দুটি বিভাগ সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।
-